নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দুই সাজদার মাঝখানে বলতেন:«رَبِّ اغْفِرْ لِي، رَبِّ اغْفِرْ لِي» “হে আমার রব, তুমি আমাকে ক্ষমা করো। হে আমার রব , তুমি আমাকে ক্ষমা করো”।

হুযায়ফাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত , নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দুই সাজদার মাঝখানে বলতেন:«رَبِّ اغْفِرْ لِي، رَبِّ اغْفِرْ لِي» “হে আমার রব, তুমি আমাকে ক্ষমা করো। হে আমার রব, তুমি আমাকে ক্ষমা করো ”।

[সহীহ] [এটি আবু দাঊদ, নাসায়ী , ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দুই সাজদার মাঝখানে বসে বলতেন : رب اغفر لي رب اغفر لي এবং তা বারবার বলতেন। رب اغفـــر لـــي “হে আল্লাহ আমাকে ক্ষমা করুন ” এর অর্থ : বান্দা তার রবের নিকট পাপ মোচন ও গুনাহসমূহ গোপন করার প্রার্থনা করল।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65104